সংবাদ

তারিখ ... 14 FEB 2009
পৃষ্ঠা ... ২ কলাম ... ২

# বাংলাবাজারে অভিযান ৫৮ হাজার বই উদ্ধার

## গ্রেফতার ১

নিজস্ব বার্তা পরিবেশক

পাঠ্যবইয়ের সঙ্কট নিরসনে এবার সরাসরি অভিযানে নেমেছেন—এনসিটিবি ও টাস্কফোর্স সদস্যরা। বৃহস্পতিবার মধ্যরাতে বাংলাবাজারের প্যারিদাস রোডের দুই ব্যবসায়ীর ৮টি গোডাউনে অভিযান চালিয়ে প্রায় ৫৮ হাজার কপি পাঠ্যবই উদ্ধার করেন তারা। উদ্ধার হওয়া বইয়ের মধ্যে এনসিটিবি অনুমোদিত প্রথম ও দ্বিতীয় কিস্তির বইসহ বিপুল পরিমাণ নকল পাঠ্যবই রয়েছে বলে টাস্কফোর্স কর্মকর্তারা জানিয়েছেন। বই গুদামজাত করার অভিযোগে ৪ পুস্তক ব্যবসায়ীকে আটক করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে মোজাম্মেল হক নামে এক গোডাউন মালিককে গ্রেফতার দেখিয়ে বাকি ৩ জনকে ছেড়ে দেয়া হয়। ব্যবসায়ী মোজাম্মেল হককে অভিযুক্ত করে একটি মামলার প্রস্তুতি চলছে বলে টাস্কফোর্স সদস্যরা জানিয়েছেন।



*বৃহস্পতিবার রাতে বাংলাবাজারে এনসিটিবি এবং সূত্রাপুর থানা পুলিশ যৌথ অভিযান চালিয়ে ৫৮ হাজার পাঠ্যবই আটক করে* —ফোকাস বাংলা

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সদস্য (উৎপাদন নিয়ন্ত্রক) প্রফেসর আহমেদ নাসের জানান, গোপন সংবাদের ভিত্তিতে বাংলাবাজারে ২ পুস্তক ব্যবসায়ীর ৮টি গোডাউন চিহ্নিত করা হয়েছে। পুস্তক ভবনের মালিক মোজাম্মেল হকের ৩টি গোডাউন এবং বিশ্ব বিচিত্রার মালিক সুবলচন্দ্র চট্টপাধ্যায়ের ৫টি গোডাউনে অভিযান চালানো হয়। অভিযানের সময় ব্যবসায়ী মোজাম্মেলকে তার ৩ কর্মচারীসহ আটক করা হয়। সুবলচন্দ্র চট্টপাধ্যায় অভিযানের খবর শুনে রাতেই পালিয়ে যায়। পরে তার বাসা থেকে স্ত্রী, সন্তানকে ডেকে এনে তাদের উপস্থিতিতে গোডাউনের তালা খোলা হয়। তিনি আরও জানান, রাতে ৪ জনকে আটক করা হলেও জিজ্ঞাসাবাদের পর ৩ ব্যবসায়ীকে ছেড়ে দেয়া হয়েছে। এ ঘটনায়

ব্যবসায়ী টাস্কফোর্স : পৃষ্ঠা : ১১ ক : ৬